

রাজধানীসহ সাত জেলায় এসএসসি পরীক্ষার্থীদের নিরাপত্তায় বিজিবি তলব

নিজস্ব প্রতিবেদক >

এবার রাজধানীতে এসএসসি ও সমমান পরীক্ষার্থীদের নিরাপত্তা দেওয়ার জন্য বিজিবি চাওয়া হয়েছে। এ ছাড়া ঢাকার বাইরে আরো সাত জেলা থেকেও শিক্ষার্থীদের নিরাপত্তা দিতে বিজিবি চাওয়া হয়েছে।

সংশ্লিষ্ট সূত্র জানায়, ঢাকা মহানগর পুলিশ (ডিএমপি) এবং সাত জেলার পক্ষ থেকে বিজিবি চেয়ে স্বরাষ্ট্র মন্ত্রণালয়ে চিঠি পাঠানো হয়। তাদের চাহিদা অনুযায়ী পরীক্ষার্থীদের নিরাপত্তা দিতে ডিএমপিতে ২২ প্লাটুন ও সাত জেলায় প্রয়োজনীয় সংখ্যক বিজিবি মোতায়েনের জন্য গতকাল বুধবার স্বরাষ্ট্র মন্ত্রণালয় থেকে নির্দেশ দেওয়া হয়েছে।

বিজিবি সূত্র জানায়, গত ১২ জানুয়ারি ডিএমপি, লক্ষীপুর, রাজশাহী, কক্সবাজার, চাঁপাইনবাবগঞ্জ, চাঁদপুর, নীলফামারী, বগুড়া, নোয়াখালী, মোহেরপুর, খুলনা, নারায়ণগঞ্জ, চট্টগ্রাম, কুষ্টিয়া, নাটোর, কুড়িগ্রাম, পাবনা, ব্রাহ্মণবাড়িয়া, গাজীপুর, সাতক্ষীরা, জয়পুরহাট ও রাজবাড়ী জেলায় বিজিবি মোতায়েনের নির্দেশ দেওয়া হয়। এরই মধ্যে রাজধানীতে ২০ প্লাটুন বিজিবি মোতায়েন করা হয়। এ ছাড়া আজ ছয় প্লাটুন বিজিবি সদস্য ঢাকা শহরে মোতায়েনের জন্য প্রস্তুত রাখা হয়েছে।